নিচের পরিস্থিতিগুলিতে, আপনি আমাদের অনুমতি দিলে শুধুমাত্র সেক্ষেত্রেই আমরা আপনার তথ্য ব্যবহার বা বিনিময় করব।

- বিপণনের উদ্দেশ্যে
- আপনার তথ্য বিক্রয় বা একটি তৃতীয় পক্ষের কাছ থেকে অর্থপ্রাপ্তি
- সাইকোথেরাপি নোটগুলির সবচেয়ে বেশি বিনিময়
- এই নোটিশে বর্ণনা না করা অন্য কোনো কারণ

গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করার মাধ্যমে আপনি সেই অনুমতিটি প্রত্যাহার করে নিতে (ফিরিয়ে নিতে) পারেন, যেক্ষেত্রে আমরা ইতিমধ্যেই এটির উপর ভরসা করেছি সেটি ছাড়া।

আপনার অধিকার

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের প্রসঙ্গে, আপনার কিছু নির্দিষ্ট অধিকার আছে। আপনি যা করতে পারেন:

- বিলিং রেকর্ডগুলি সহ আপনার চিকিৎসাগত রেকর্ডের ইলেকট্রনিক বা কাগজের কপি পর্যালোচনা করতে বা পেতে পারেন। কাগজের কপির জন্য একটি যুক্তিসঙ্গত খরচ ভিত্তিক ফী যা প্রতি পৃষ্ঠা পিছু সর্বাধিক 75 সেন্ট অথবা ইলেকট্রনিক রেকর্ডগুলির ক্ষেত্রে ইলেকট্রনিক মিডিয়াম বন্ডোবস্তের জন্য একটি যুক্তিসঙ্গত খরচ আপনার জন্য ধার্য করা হবে (সঙ্গে যোগ হবে ডাক খরচ যদি আপনি চান নথিগুলি ডাক মারফত আপনার কাছে পৌঁছায়)। আপনার

গোপনীয়তা সংক্রান্ত রীতির নোটিশ (Notice of Privacy Practices)

অনুরোধের 3 থেকে 10 দিনের মধ্যে রেকর্ডগুলি প্রদান করা হবে। আমরা কোনো দেরী সম্পর্কে আপনাকে জানাবো। এছাড়াও <https://mychart.nyulmc.org/>-এ গিয়ে আমাদের সুরক্ষিত রোগী পোর্টাল, NYU Langone-এ MyChart ব্যবহার করে আপনি সরাসরি আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দেখতে পারেন।

- বার্তালাপ গোপনীয় রাখার অনুরোধ জানান। আপনি একটি সুনির্দিষ্ট উপায়ে আপনার সাথে যোগাযোগ করতে আমাদের বলতে পারেন, উদাহরণস্বরূপ, সেল ফোনের মাধ্যমে। আমরা সকল যুক্তিসঙ্গত অনুরোধগুলিতে "হ্যাঁ" বলব।
- আপনার চিকিৎসা, অর্থপ্রদান, এবং স্বাস্থ্য সেবা পরিচালনার জন্য আমরা যেগুলি ব্যবহার বা বিনিময় করি তা আমাদের সীমিত করতে বলুন। আমরা আপনার অনুরোধে সম্মত হতে বাধ্য নই, কিন্তু আমরা এটি পর্যালোচনা করব। যখন আপনি পরিষেবাগুলির জন্য সম্পূর্ণরূপে, নিজ খরচে অর্থপ্রদান করেন এবং আপনার বিমা পরিকল্পনার সাথে তথ্যটি বিনিময় করতে আমাদের মানা করেন, তখন আমরা সম্মত হবো যদি না একটি আইন করতে বিনিময় তথ্যটি সেই আমাদের করে। বাধ্য
- আপনার চিকিৎসাগত রেকর্ড যদি ভুল বা অসম্পূর্ণ হয় তাহলে আমাদের সেটি সংশোধন করতে বলুন। আমরা আপনার অনুরোধে "না" বলতে পারি, কিন্তু তার কারণ আমরা 60 দিনের মধ্যে আপনাকে লিখিতভাবে জানাবো।
- আমরা যাদের সাথে তথ্য বিনিময় করেছি তাদের নামের একটি তালিকা পান। আপনি অনুরোধ জানানোর আগের ছয় বছর ধরে আমরা কতবার আপনার তথ্য বিনিময় করেছি এবং কেন আপনি তার একটি তালিকা (হিসাব) চাইতে পারেন। সকল প্রকাশগুলি এই তালিকাটিতে অন্তর্ভুক্ত থাকবে না, যেমন যেগুলি চিকিৎসা, অর্থপ্রদান, বা স্বাস্থ্য সেবা পরিচালনার জন্য করা হয়েছিল। এই তালিকাটি প্রতি 12 মাসে একবার বিনামূল্যে পাওয়ার অধিকার আপনার আছে, কিন্তু আমরা সেই সময়টিতে অতিরিক্ত তালিকাগুলি প্রদান করার খরচ আপনার জন্য ধার্য করতে পারি।
- এই গোপনীয়তা সংক্রান্ত নোটিশটির একটি কপি পান। শুধুমাত্র আমাদের বলুন এবং আমরা আপনার পছন্দের আকারে (কাগজ বা ইলেকট্রনিক) আপনাকে একটি কপি দেবো।
- আপনার তরফে কাজ করার জন্য কাউকে বেছে নিন। এই "ব্যক্তিগত প্রতিনিধি" আপনার অধিকারগুলি প্রয়োগ করতে পারেন এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সম্পর্কে বিকল্পগুলি বেছে নিতে পারেন। সাধারণত, অপ্রাপ্তবয়স্কদের মা-বাবা ও অভিভাবকদের তাদের শিশুর জন্য এই অধিকারটি থাকবে, যদি না সেই অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি নিজের পক্ষ নিয়ে কাজ করার জন্য আইন দ্বারা অনুমোদিত হন।
- আপনি যদি মনে করেন যে আপনার অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে তাহলে একটি অভিযোগ দায়ের করুন। আপনি NYU Langone-এর গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তা (Privacy Officer) অথবা ইউনাইটেড স্টেটস স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (United States Department of Health and Human Services)-এর সচিবের সাথে যোগাযোগ করতে পারেন। অভিযোগ দায়ের

গোপনীয়তা সংক্রান্ত রীতির নোটিশ (Notice of Privacy Practices)

করার জন্য আমরা আপনার প্রতি প্রতিহিংসা দেখাবো না বা আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেবো না।

- আপনার ইলেকট্রনিক চিকিৎসাগত রেকর্ডের সম্পর্কে অতিরিক্ত গোপনীয়তা সংক্রান্ত নিরাপত্তার অনুরোধ জানান।

আমাদের দায়িত্বসমূহ

- আপনার সুরক্ষিত স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করার জন্য আমরা আইনের দ্বারা বাধ্য।
- আপনার শনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা বা নিরাপত্তা ক্ষুণ্ণ করে থাকতে পারে এমন কোনো লঙ্ঘন ঘটলে আমরা তা আপনাকে জানাবো।
- এই নোটিশে বর্ণিত রীতিগুলি আমাদের অবশ্যই অনুসরণ করতে হবে এবং আপনাকে এটির একটি কপি দিতে হবে।
- এই নোটিশের শর্তগুলি পরিবর্তন করার অধিকার আমরা সংরক্ষিত রাখি এবং আপনার প্রসঙ্গে রাখা সকল তথ্যের ক্ষেত্রে পরিবর্তনগুলি প্রযোজ্য হবে। নতুন নোটিশটি অনুরোধক্রমে এবং আমাদের ওয়েবসাইট www.nyulangone.org-এ লভ্য হবে।

প্রশ্ন বা উদ্বেগ

আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা এই নোটিশে বর্ণিত আপনার অধিকারগুলি প্রয়োগ করতে চান, তাহলে অনুগ্রহ করে নিচের ঠিকানায় গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করুন: One Park Avenue, 3rd Floor, New York, New York 10016, Attention: Privacy Officer, 1-877-PHI-LOSS বা 212-404-4079 নম্বরে ফোন মাধ্যমে, বা compliance.help@nyumc.org-এ ইমেল করার মাধ্যমে।

আপনার অধিকারগুলি প্রয়োগ করার অধিকাংশ অনুরোধ অবশ্যই গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তাকে (Privacy Officer) অথবা যথাযথ ডাক্তারের অফিসে বা হাসপাতালের বিভাগে লিখিতভাবে জানাতে হবে। আরো তথ্যের জন্য অথবা একটি অনুরোধের ফর্ম পেতে গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করুন অথবা <http://nyulangone.org/policies-disclaimers/hipaa-patient-privacy> দেখুন।

এই নোটিশটি 01/01/2016 তারিখ থেকে কার্যকরী।

NYU Langone Medical Center

গোপনীয়তা সংক্রান্ত রীতির নোটিশ (Notice of Privacy Practices)

গোপনীয়তা সংক্রান্ত রীতির নোটিশ (Notice of Privacy Practices)-এর প্রাপ্তিস্বীকার ফর্ম

এই ফর্মটি স্বাক্ষর করার মাধ্যমে, আমি স্বীকার করছি যে আমি NYU Langone Medical Center-এর গোপনীয়তা সংক্রান্ত রীতির নোটিশ (Notice of Privacy Practices)-এর একটি কপি পেয়েছি।

রোগীর নাম: _____

স্বাক্ষর: _____ তারিখ: _____

ব্যক্তিগত প্রতিনিধির নাম (যদি প্রযোজ্য হয়): _____

ব্যক্তিগত প্রতিনিধির কর্তৃত্ব (যথা, মা-বাবা, অভিভাবক, স্বাস্থ্য সেবা প্রতিনিধি):

01/01/2016 তারিখ থেকে কার্যকরী।



ফ্যাকাল্টি গ্রুপ প্র্যাক্টিস্ [FACULTY GROUP PRACTICE]

ল্যাবরেটরি বিলিং সংক্রান্ত তথ্য

আপনার চিকিৎসা পরিচর্যার জন্য NYU Langone Medical Center ফ্যাকাল্টি গ্রুপ প্র্যাক্টিস্ [Faculty Group Practice]-কে বেছে নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। NYU-এর দেওয়া যে কোনো ল্যাবরেটরি পরিষেবা বা নমুনাকে প্রক্রিয়া করার জন্য NYU Langone Medical Center-এর আউটপেশেন্ট ল্যাবরেটরিতে পাঠানো হয়। আউটপেশেন্ট ল্যাবরেটরি হল একটি হাসপাতালের পরিষেবা যার জন্য আপনার চিকিৎসকের ভিজিটের থেকে আলাদাভাবে বিল করা হয়। NYU Langone Medical Center ল্যাবরেটরি বেশির ভাগ বিমা প্রকল্পের সঙ্গে অংশগ্রহণ করে; তবে কিছু প্রকল্পে ল্যাবরেটরি সুবিধার সুনির্দিষ্ট পছন্দ থাকে। আপনার সুবিধাগুলি বোঝার জন্য আপনার ল্যাবরেটরি পরিকল্পনাটি পর্যালোচনা করা উচিত, যেহেতু প্রদত্ত পরিষেবাগুলি হাসপাতালের কোইন্সিওরেন্স ও ডিডাক্টিবল্-এর অধীনস্থ হতে পারে। আপনার বিমা প্রকল্পের সুবিধাগুলি বোঝা এবং প্রত্যেক ভিজিটে আমাদের কর্মী বা চিকিৎসকদের আপনার পছন্দের ল্যাবরেটরির সম্বন্ধে জানানো আপনার দায়িত্ব। আপনার অনুরোধের ভিত্তিতে আমরা আপনার নমুনাগুলিকে আপনার পছন্দের ল্যাবরেটরিতে পাঠাব।

আপনার কোনো প্রশ্ন থাকলে, আমাদের প্র্যাক্টিসের কর্মীরা হয় আপনার প্রশ্নের উত্তর দেবেন অথবা আপনাকে আপনার বিমাকারী কোম্পানির কাছে পাঠাবেন।

NYU Faculty Group Practice
অংশগ্রহণকারী নয় এমন আর্থিক চুক্তি
NON-PARTICIPATING FINANCIAL AGREEMENT]

NYU School of Medicine আমাকে জানিয়েছে যে আমার চিকিৎসক আমার বীমার প্ল্যানে অংশ নেন না, এবং এই কারণে প্রদত্ত পরিষেবাগুলির সম্পূর্ণ মূল্যপ্রদানের জন্য আমি আর্থিকরূপে দায়ী থাকব। মোট কথা হল, আমি নিচের বিষয়গুলির প্রতি সম্মতি দিচ্ছি:

[I have been advised by NYU School of Medicine that my physician does not participate with my insurance plan and therefore, I will be financially responsible for full payment of services rendered. As such, I agree to the following:]

অফিস পরিষেবাসমূহ (ডাক্তারের সাথে সাক্ষাৎ) [Office Services (Doctor Visits)]

- রুটিন অফিস এর সাক্ষাৎগুলির জন্য পরিষেবা প্রদানের সময়েই সম্পূর্ণ অর্থপ্রদানের আশা করা হয়।
[Payment for routine office visits is expected in full at the time services are rendered.]
- সূচি প্রস্তুত করার সময়ে আমাকে অর্থপ্রদানের আনুমানিক হিসাবের সম্বন্ধে জানানো হবে।
[I will be informed of the estimated payment at the time of scheduling.]
- আমার তরফে আমার বীমার বাহককে একটি সৌজন্যমূলক দাবি পাঠানো হবে।
[A courtesy claim will be sent to my insurance carrier on my behalf.]
- কোন কোন ক্ষেত্রে পরিষেবার সময়ে মোট খরচের প্রকৃত পরিমাণ জানা নাও থাকতে পারে। প্রকৃত খরচগুলি যদি পরিষেবার সময়ে পরিশোধ করা মূল্যের চেয়ে বেশি হয়, তাহলে যে কোনও অবশিষ্ট রাশির জন্য আমাকে বিল দেওয়া হবে এবং তার জন্য আমি দায়ী থাকব। প্রকৃত খরচগুলি যদি আমার পরিশোধ করা অর্থের চেয়ে কম হয়, তাহলে আমি অর্থ ফেরত পাব অথবা আমি এই অতিরিক্ত পরিশোধ করা অর্থকে রোগীর দায়িত্বাধীন অন্য কোনও বকেয়া রাশি পরিশোধের জন্য প্রয়োগ করতে পারব।
[In some cases the actual amount of total charges may not be known at the time of service. Should the actual charges be more than the payment made at time of service, I will be billed for and responsible for any remaining balances. Should the actual amount be less than I paid, I will receive a refund or elect to have the overpayment applied to other patient responsible balances.]
- যদি আমার নেটওয়ার্ক-বহির্ভূত সুবিধাগুলি থাকে, তাহলে আমার বীমার বাহক ডিডাক্টিবল বাদ দিয়ে এবং আমার প্ল্যানের নেটওয়ার্ক-বহির্ভূত ব্যবস্থাগুলি অনুসারে অর্থ পরিশোধ করবে, এবং বীমা কোম্পানি যে অর্থই প্রদান করুক না কেন আমি আমার বিলের অবশিষ্ট রাশি পরিশোধের জন্য দায়ী থাকব।
[If I have out-of-network benefits, my insurance carrier will make payment, less deductible and according to the out-of-network provisions of my plan, and I will be responsible for the balance of my bill no matter what the insurance company pays.]

ডাক্তারের সাথে সাক্ষাতের অংশ নয় এমন পরীক্ষার পরিষেবাগুলি (EKG, Echo, ইত্যাদি)

[Testing Services Not Part of the Doctor Visit (EKG, Echo, etc.)]

- আমার তরফে আমার বীমার বাহককে একটি সৌজন্যমূলক দাবি পাঠানো হবে।
[A courtesy claim will be sent to my insurance carrier on my behalf.]
- আমার বীমার পরিশোধ না করা যে কোনও অবশিষ্ট রাশির জন্য আমাকে বিল করা হবে এবং তার জন্য আমি দায়ী থাকব।
[I will be billed for and responsible for any balances not paid by my insurance.]

ঐচ্ছিক শল্যচিকিৎসা (অপারেশন, বহির্বিভাগ এবং অফিস-ভিত্তিক)

[Elective Surgeries (Inpatient, Outpatient and Office-Based)]

- সূচি প্রস্তুত করার সময়ে আমাকে আনুমানিক হিসাবের ব্যাপারে জানানো হবে এবং পরিষেবা প্রদানের আগে আমাকে একটি আর্থিক চুক্তিতে সই করতে বলা হবে।
[I will be informed of the estimated amount at the time of scheduling and asked to sign a financial agreement prior to provision of the service.]
- পরিষেবা প্রদানের পূর্বে আনুমানিক খরচের হিসাবের কমপক্ষে 20% অর্থ অগ্রিম সংগ্রহ করা হবে।
[A minimum pre-payment of 20% of the estimated charges will be collected prior to the service being rendered.]
- আমার তরফে আমার বীমার বাহককে একটি সৌজন্যমূলক দাবি পাঠানো হবে, যদি অনুরোধ করা হয়।
[A courtesy claim will be sent to my insurance carrier on my behalf, if requested.]



- পরিষেবার পূর্বে উদ্ধৃত রাশিটি একটি আনুমানিক হিসাব এবং এর সাথে প্রকৃত খরচের পার্থক্য হতে পারে; যে কোনও অবশিষ্ট রাশির জন্য আমাকে বিল দেওয়া হবে এবং তার জন্য আমি দায়ী থাকব।

[The amount quoted prior to the service is an estimate and actual charges may vary; I will be billed for and responsible for any remaining balances.]

আমি বুঝি যে NYU এর থেকে স্টেটমেন্ট পাওয়ার সাথে সাথেই সব অবশিষ্ট রাশি বকেয়া হয়। আমি এটাও বুঝি এবং সম্মত হই যে আমার বীমা কোম্পানি যদি সরাসরি আমাকে অর্থপ্রদান করে, তাহলে আমি অবিলম্বে সেই অর্থ NYU এর কাছে পাঠিয়ে দেব।

[I understand that all balances are due upon receipt of statement from NYU. I also understand and agree that if my insurance company makes payment to me directly I will forward that payment to NYU immediately.]

রোগীর নাম লিখুন

[Print Patient Name]

ডাক্তারের নাম লিখুন

[Print Physician Name]

রোগীর স্বাক্ষর

[Patient Signature]

বীমার প্ল্যান

[Insurance Plan]

তারিখ

[Date]

NYULMC HIE, Care Everywhere এবং Healthix

তথ্য পত্র

NYULMC HIE, Care Everywhere ও Healthix-এ রোগীর তথ্য সম্পর্কিত বিবরণ এবং সম্মতি প্রক্রিয়া:

1. **আপনার তথ্য কীভাবে ব্যবহার করা হবে।** HIE অংশগ্রহণকারী এবং Care Everywhere পরিষেবা প্রদানকারীরা শুধুমাত্র নিম্নলিখিত উদ্দেশ্যে আপনার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক তথ্য ব্যবহার করবেন:

- আপনাকে মেডিক্যাল চিকিৎসা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি দেওয়া।
- আপনার স্বাস্থ্য বিমা আছে কিনা এবং তার আওতায় কী কী আছে, তা যাচাই করা।
- সমস্ত রোগীকে দেওয়া চিকিৎসা পরিচর্যার গুণমানের মূল্যায়ন ও উন্নতিসাধন।

যদি না স্টেট ও ফেডারেল আইন অনুযায়ী অন্যভাবে অনুমোদিত হয় এবং যদি Healthix দ্বারা অনুমোদিত হয়, তাহলে NYULMC স্বাস্থ্য পরিচর্যার বিমা পরিকল্পনাগুলি কেবলমাত্র নিচের উদ্দেশ্যে আপনার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক তথ্য প্রকাশ করবে, দেখবে এবং ব্যবহার করবে:

- পরিচর্যা ব্যবস্থাপনার কার্যকলাপগুলি প্রদান করা। এর অন্তর্ভুক্ত হল আপনাকে যথোপযুক্ত চিকিৎসা পরিচর্যা পেতে সাহায্য করা, আপনাকে দেওয়া স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলির গুণগত মানের উন্নতিসাধন করা, আপনাকে দেওয়া বহুবিধ স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলি প্রদানের সমন্বয়সাধন করা, অথবা আপনাকে চিকিৎসা পরিচর্যার একটি পরিকল্পনা অনুসরণ করতে সহায়তা করা।
- গুণগত মান উন্নয়নের কার্যকলাপগুলি প্রদান করা। এর অন্তর্ভুক্ত হল আপনাকে এবং NYULMC-এর সমস্ত রোগী ও সদস্যদের দেওয়া চিকিৎসা পরিচর্যার গুণগত মানের মূল্যায়ন ও উন্নতিসাধন করা।

দ্রষ্টব্য: এই সম্মতি ফর্মে আপনি যে বিকল্পটি নির্বাচন করেন সেটি স্বাস্থ্য বিমাকারীদের সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার তথ্য দেখার অনুমতি দেয় না যে আপনাকে স্বাস্থ্য বিমা দেওয়া হবে কিনা কিংবা আপনার বিল পরিশোধ করা হবে কিনা। আপনি একটি পৃথক সম্মতি ফর্মে সেই বিকল্পটি বেছে নিতে পারেন, যেটা স্বাস্থ্য বিমাকারীদের অবশ্যই ব্যবহার করতে হবে।

2. **আপনার সম্বন্ধে কোন ধরনের তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে।** আপনি যদি সম্মতি দেন, তাহলে HIE অংশগ্রহণকারী এবং Care Everywhere পরিষেবা প্রদানকারী, NYULMC HIE-এর মাধ্যমে উপলব্ধ আপনার স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত ইলেক্ট্রনিক তথ্য দেখতে পারেন এবং NYU Hospitals Center-এর সমস্ত কর্মচারী, এজেন্ট ও চিকিৎসাকর্মীর সদস্যরা Healthix-এর মাধ্যমে উপলব্ধ আপনার স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত ইলেক্ট্রনিক তথ্য দেখতে পারেন। এই সম্মতি ফর্মটির তারিখের আগে ও পরে সৃষ্ট তথ্য এর অন্তর্ভুক্ত। আপনার স্বাস্থ্যের রেকর্ডে আপনার অসুস্থতার ইতিহাস বা আপনার হওয়া আঘাতগুলি (যেমন ডায়াবিটিস বা হাড় ভাঙ্গা), পরীক্ষার ফলাফল (যেমন এক্স-রে বা রক্ত পরীক্ষাগুলি), এবং আপনার নেওয়া ওষুধগুলির তালিকা অন্তর্ভুক্ত থাকতে পারে। এই তথ্য সংবেদনশীল স্বাস্থ্য সংক্রান্ত রোগাবস্থার সাথে সম্পর্কিত হতে পারে, নিম্নলিখিতগুলি এর অন্তর্ভুক্ত কিন্তু তালিকাটি এতেই সীমিত নয়:

• মদ্যপান বা মাদক ব্যবহার জনিত সমস্যা	• মানসিক স্বাস্থ্য সম্পর্কিত রোগাবস্থা
• জন্ম নিয়ন্ত্রণ এবং গর্ভপাত (পরিবার পরিকল্পনা)	• HIV/AIDS
• জিনঘটিত (বংশগত) রোগ বা পরীক্ষাগুলি	• যৌনরূপে বাহিত রোগ

3. **আপনার সম্পর্কিত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য কোথা থেকে আসে।** যে সব জায়গাগুলি আপনাকে চিকিৎসা পরিচর্যা বা স্বাস্থ্য বিমা প্রদান করেছে, সেখান থেকে ("তথ্যের উৎস") আপনার সম্বন্ধে তথ্য পাওয়া যায়। হাসপাতাল, চিকিৎসক, ফার্মাসি, ক্লিনিকাল ল্যাবরেটরি, স্বাস্থ্য বিমাকারী, মেডিকেইড কর্মসূচি, এবং অন্যান্য যে সব ই-হেলথ সংস্থাগুলি ইলেক্ট্রনিক মাধ্যমে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বিনিময় করে সেগুলি এর অন্তর্ভুক্ত হতে পারে। বর্তমান HIE তথ্য উৎসসমূহের একটি সম্পূর্ণ তালিকা NYU Hospitals Center অথবা আপনার HIE অংশগ্রহণকারী স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর কাছ থেকে পাওয়া যায়, প্রযোজ্য অনুসারে। আপনি যে কোনো সময়ে NYULMC HIE ওয়েবসাইট <http://health-connect.med.nyu.edu/> দেখে তথ্যের উৎসগুলির একটি সর্বশেষ তালিকা পেতে পারেন। আপনি NYULMC HIE প্রাইভেসি অফিসার [Privacy Officer]-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: NYU Langone Medical Center, Privacy Officer, One Park Ave, 3rd Floor, New York, NY 10016 অথবা ফোন করতে পারেন 212-404-4079 নম্বরে। বর্তমান Healthix তথ্য উৎসসমূহ -এর একটি সম্পূর্ণ তালিকা Healthix-এ উপলব্ধ আছে এবং যে কোনো সময়ে Healthix-এর ওয়েবসাইট <http://www.healthix.org> দেখে অথবা Healthix-এ 877-695-4749 নম্বরে ফোন করে এটা পাওয়া যেতে পারে।

4. **যদি আপনি সম্মতি দেন, তাহলে কারা আপনার সম্পর্কিত তথ্য দেখতে পারেন।** শুধুমাত্র এই ব্যক্তিরা আপনার সম্পর্কিত তথ্য দেখতে পারেন: ডাক্তার এবং অন্যান্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা, যারা একটি অনুমোদিত HIE অংশগ্রহণকারীর চিকিৎসাকর্মীদের দলে সেবারত, অথবা Care

Everywhere পরিষেবা প্রদানকারী, যারা আপনার চিকিৎসা পরিচর্যা যুক্ত আছেন; সেইসকল স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী যারা একটি অনুমোদিত HIE অংশগ্রহণকারী বা Care Everywhere পরিষেবা প্রদানকারীদের ডাক্তারদের সহায়তা করছেন অথবা কলে আছেন; গুণমান উন্নয়ন বা পরিচর্যা ব্যবস্থাপনার কার্যকলাপে যুক্ত কর্মভারপ্রাপ্ত কর্মীরা; এবং একটি অনুমোদিত HIE অংশগ্রহণকারী বা Care Everywhere পরিষেবা প্রদানকারীর কর্মী সদস্যরা, যারা উপরের প্রথম অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী এই সম্মতি ফর্মের দ্বারা অনুমোদিত কার্যকলাপগুলি সম্পাদন করেন।

5. **আপনার তথ্য অনুচিতভাবে দেখা বা ব্যবহার করার জন্য শাস্তি।** আপনার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক তথ্য অনুচিত ভাবে দেখা বা ব্যবহার করার জন্য শাস্তির বিধান আছে। আপনি যদি কখনও এমন সন্দেহ করেন যে যাদের আপনার সম্পর্কিত তথ্য দেখা কিংবা পাওয়া উচিত ছিল না তেমন কেউ সেটা করেছে, তাহলে আপনি যে সব HIE অংশগ্রহণকারী বা Care Everywhere পরিষেবা প্রদানকারীদের আপনার রেকর্ড দেখার অনুমতি দিয়েছেন তাদের মধ্যে যে কোনো একজনকে ফোন করুন; NYULMC HIE ওয়েবসাইট: <http://health-connect.med.nyu.edu/> দেখুন অথবা NYS Department of Health-কে 877-690-2211 নম্বরে ফোন করুন। আপনি যদি কখনও সন্দেহ করেন যে, যাদের আপনার সম্পর্কিত তথ্য দেখা কিংবা পাওয়া উচিত ছিল না, তেমন কেউ Healthix-এর মাধ্যমে সেটা করেছে, তাহলে Healthix-এ এই নম্বরে ফোন করুন: 877-695-4749; অথবা Healthix-এর ওয়েবসাইট: <http://www.healthix.org> দেখুন; অথবা NYS Department of Health-কে 877-690-2211 নম্বরে ফোন করুন।
6. **তথ্যের পুনঃপ্রকাশ।** একজন HIE অংশগ্রহণকারী বা Care Everywhere পরিষেবা প্রদানকারীরা কেবলমাত্র স্টেট ও ফেডারেল আইন ও নিয়মাবলীর দ্বারা অনুমোদিত মাত্রা পর্যন্ত অন্যদের কাছে আপনার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক তথ্য পুনঃপ্রকাশ করতে পারে। আপনার স্বাস্থ্য সংক্রান্ত কোনো তথ্য যা কাগজে লিখিতরূপে আছে, তার ক্ষেত্রেও এটা সত্য। উপরে #2-এ যা বলা হয়েছে সেইমতো, আপনি যদি সম্মতি দেন, তাহলে স্বাস্থ্য সংক্রান্ত সংবেদনশীল তথ্য সহ আপনার স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত ইলেক্ট্রনিক তথ্য NYULMC HIE ও Healthix-এর মাধ্যমে পাওয়া যাবে। কিছু স্টেট ও ফেডারেল আইন, স্বাস্থ্য সংক্রান্ত কিছু প্রকারের সংবেদনশীল তথ্যের জন্য বিশেষ সুরক্ষা প্রদান করে, নিচের বিষয়গুলির সাথে সম্পর্কযুক্ত তথ্য যার অন্তর্ভুক্ত: (i) কতগুলি পরিষেবা প্রদানকারীর দ্বারা আপনার স্বাস্থ্যের কোনো অবস্থার মূল্যায়ন, চিকিৎসা বা পরীক্ষা; (ii) HIV/AIDS; (iii) মানসিক অসুস্থতা; (iv) মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশ জনিত অক্ষমতা; (v) মাদকদ্রব্যের অপব্যবহার; এবং (vi) ঝুঁকি সম্বন্ধে অগ্রিম ধারণা পাওয়ার জন্য জিনগতি পরীক্ষা। লোকেরা যখনই এই ধরনের স্বাস্থ্য সংক্রান্ত সংবেদনশীল তথ্য পান, তখনই তাদের বিশেষ বাধ্যবাধকতাগুলি অবশ্যই অনুসরণ করতে হবে। NYULMC HIE, Healthix এবং Care Everywhere পরিষেবা প্রদানকারীরা সহ অন্যান্য ব্যক্তিরা, যারা এইসকল স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বিনিময়ের মাধ্যমে এই তথ্য দেখতে পান, তাদেরকে অবশ্যই এই বাধ্যবাধকতাগুলি অনুসরণ করতে হবে।
7. **কার্যকর সময়কাল।** এই সম্মতিপত্র ততদিন পর্যন্ত কার্যকর থাকবে যতদিন না আপনি আপনার সম্মতি প্রত্যাহার করে নেন অথবা যতদিন না NYULMC HIE কাজ করা বন্ধ করে দেয়, অথবা আপনার মৃত্যুর 50 বছর পর পর্যন্ত, যেটি পরে ঘটবে।
8. **আপনার সম্মতি প্রত্যাহার করা।** আপনি যে কোনো সময়ে আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন একটি নতুন সম্মতি ফর্ম স্বাক্ষর করে এবং **আমি সম্মতি দিতে অস্বীকার করছি** নির্বাচন করে। আপনি NYULMC HIE-এর ওয়েবসাইট <http://health-connect.med.nyu.edu/>-এ এই ফর্মগুলি পেতে পারেন। সম্পূর্ণ করা হয়ে গেলে, অনুগ্রহ করে 917-829-2096 নম্বরে ফ্যাক্স করুন অথবা আপনার পরিষেবা প্রদানকারীর কাছে জমা দিন।
দ্রষ্টব্য: Care Everywhere পরিষেবা প্রদানকারীরা সহ যে সব সংস্থাগুলি আপনার সম্মতি কার্যকর থাকার সময়কালে NYULMC HIE এবং/অথবা Healthix-এর মাধ্যমে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দেখে, তারা তাদের নিজস্ব চিকিৎসাগত রেকর্ডে আপনার তথ্য কপি করতে বা অন্তর্ভুক্ত করতে পারে। এমনকি আপনি যদি পরে আপনার সম্মতি প্রত্যাহার করার সিদ্ধান্ত নেন, তাহলেও তারা এটা ফেরত দিতে কিংবা তাদের রেকর্ড থেকে সরিয়ে দিতে বাধ্য নন।
9. **একটি বক্সে টিক দিতে (একটি বিকল্প নির্বাচন করতে) অস্বীকার করা।** আপনি যদি না "আমি সম্মতি দিতে অস্বীকার করছি" বক্সে টিক দেন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের আইন সেই সব ব্যক্তিদেরকে NYULMC HIE-এর মাধ্যমে উপলব্ধ রেকর্ডগুলি সহ আপনার চিকিৎসাগত রেকর্ডগুলি দেখার অনুমতি দেয়, যারা একটি জরুরি অবস্থায় আপনার চিকিৎসা করছেন। আপনি যদি কোনো বিকল্প নির্বাচন না করেন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের আইনের অনুমতি অনুযায়ী কোনো জরুরি অবস্থা ছাড়া রেকর্ডগুলি কারো সঙ্গে আদানপ্রদান করা হবে না।
10. **ফর্মের কপি।** আপনি এই সম্মতি ফর্ম স্বাক্ষর করার পরে এর একটি কপি পাওয়ার যোগ্য হন।
11. **সম্মতি দিতে অস্বীকার করার ঝুঁকি।** আপনি যদি HIE অংশগ্রহণকারী বা Care Everywhere পরিষেবা প্রদানকারীদের NYULMC HIE ও Healthix-এর মাধ্যমে আপনার তথ্য দেখার জন্য সম্মতি দিতে অস্বীকার করেন, তাহলে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত সেই সমস্ত অতি গুরুত্বপূর্ণ তথ্য, যেগুলি পূর্বের কোনো সাক্ষাতে সংগ্রহ করা হয়েছিল, সেগুলি যথাসময়ে দেখতে সমর্থ নাও হতে পারেন।

**স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বিনিময় (HEALTH INFORMATION EXCHANGE),
CARE EVERYWHERE এবং HEALTHIX
সম্মতি ফর্ম**

এই সম্মতি ফর্ম, আপনি বেছে নিতে পারেন যে NYU ল্যাঙ্গোনি মেডিক্যাল সেন্টার হেলথ ইনফরমেশন এক্সচেঞ্জ [NYU Langone Medical Center Health Information Exchange ("NYULMC HIE")]-এর ওয়েবসাইট <http://health-connect.med.nyu.edu/> ("HIE অংশগ্রহণকারী")-এ তালিকাভুক্ত সেইসকল স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী এবং NYU-বহির্ভূত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের আপনি NYULMC HIE দ্বারা চালিত একটি কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে আপনার চিকিৎসাগত রেকর্ডগুলি দেখার অনুমতি দেবেন কিনা যারা ("Care Everywhere পরিষেবা প্রদানকারীরা") বর্তমান চিকিৎসার উদ্দেশ্যে আপনার চিকিৎসাগত রেকর্ড দেখার অনুরোধ করতে পারেন। একজন Care Everywhere পরিষেবা প্রদানকারী যাতে জানতে পারেন যে NYULMC HIE-এর মাধ্যমে তথ্য উপলব্ধ হতে পারে, সেই জন্য আপনাকে অবশ্যই তাদেরকে জানাতে হবে যে আপনি একজন HIE অংশগ্রহণকারী রোগী ছিলেন/আছেন এবং এই ধরনের তথ্য অনুরোধক্রমে পাওয়া যেতে পারে। আপনি যে সমস্ত বিভিন্ন স্থানে স্বাস্থ্য পরিচর্যা পান, সেখানে আপনার যে সব চিকিৎসাগত রেকর্ড আছে, সেগুলি সংগ্রহ করতে, এবং আপনাকে চিকিৎসাকারী পরিষেবা প্রদানকারীদের কাছে সেগুলিকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে উপলব্ধ করাতে, এটা আপনাকে সাহায্য করতে পারে।

স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বিনিময় (Health Information Exchange), Healthix বা নিউ ইয়র্ক স্টেট দ্বারা স্বীকৃত একটি লাভের-জন্য-নয় সংস্থা, আঞ্চলিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সংস্থা [Regional Health Information Organization, RHIO]-এর মাধ্যমে NYU Hospitals Center-এর কর্মচারী, এজেন্ট বা চিকিৎসাকর্মীর সদস্যদের আপনার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক রেকর্ডগুলি দেখতে এবং পেতে অনুমতি দেবেন কিনা, সেই সিদ্ধান্ত নেওয়ার জন্যও আপনি এই সম্মতি ফর্মটি ব্যবহার করতে পারেন। আপনি যে সমস্ত বিভিন্ন স্থানে স্বাস্থ্য পরিচর্যা পান, সেখানে আপনার যে সব চিকিৎসাগত রেকর্ড আছে, সেগুলি সংগ্রহ করতে, এবং আপনাকে চিকিৎসাকারী পরিষেবা প্রদানকারীদের কাছে সেগুলিকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে উপলব্ধ করাতে, এটা আপনাকে সাহায্য করতে পারে। এছাড়াও তথ্য প্রকাশের অনুমোদনপ্রাপ্ত আপনার অন্যান্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের কাছ থেকে NYU Langone Medical Center-এর সেই কর্মসূচিটিকে আপনার রেকর্ডগুলি প্রাপ্তির জন্য এই সম্মতিটি আপনার অনুমতি প্রদান করে যেটির আপনি একজন রোগী বা সদস্য। বর্তমান Healthix তথ্য উৎসসমূহ -এর একটি সম্পূর্ণ তালিকা Healthix-এ উপলব্ধ আছে এবং যে কোনো সময়ে Healthix-এর ওয়েবসাইট <http://www.healthix.org> দেখে অথবা Healthix-এ 877-695-4749 নম্বরে ফোন করে এটা পাওয়া যেতে পারে। অনুরোধ করা হলে, আপনার পরিষেবা প্রদানকারী Healthix-এর ওয়েবসাইট থেকে আপনার জন্য এই তালিকাটি প্রিন্ট করবেন।

এটা আপনার চিকিৎসাগত পরিচর্যা বা স্বাস্থ্য বিমার কভারেজ পাওয়ার আপনার সামর্থ্যকে প্রভাবিত করবে না। আপনার সম্মতি দেওয়া বা দিতে অস্বীকার করার পছন্দের ভিত্তিতে স্বাস্থ্য পরিষেবা প্রত্যাখ্যান করা যাবে না।

NYULMC HIE ও Healthix, স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলির গুণগত মান উন্নয়নের জন্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে এবং সুরক্ষিতভাবে মানুষের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য আদান-প্রদান করে। এই ধরনের আদানপ্রদানকে ই-হেলথ বা স্বাস্থ্য সংক্রান্ত তথ্য প্রযুক্তি (স্বাস্থ্য IT) বলা হয়। নিউ ইয়র্ক স্টেটের ই-হেলথ সন্থকে আরো জানতে, "বেটার ইনফরমেশন মিন্স বেটার কেয়ার (Better Information Means Better Care)" নামের পুস্তিকাটি পড়ুন। আপনি আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর কাছে এটা চাইতে পারেন, অথবা www.ehealth4ny.org ওয়েবসাইটে যেতে পারেন।

অনুগ্রহ করে সিদ্ধান্ত নেওয়ার আগে তথ্য পত্রের তথ্যাবলী যত্ন সহকারে পড়ুন।

আপনার সম্মতির বিকল্পসমূহ। আপনি এই ফর্মটি এখন অথবা ভবিষ্যতে পূরণ করতে পারেন। আপনার নিম্নলিখিত বিকল্পগুলি আছে:

অনুগ্রহ করে নিচে একটি বক্সে ☒ টিক দিন:

- ☐
1. আমি NYULMC HIE ওয়েবসাইটে তালিকাভুক্ত সমস্ত HIE অংশগ্রহণকারী এবং Care Everywhere পরিষেবা প্রদানকারীদের NYULMC HIE-এর মাধ্যমে আমার স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত ইলেক্ট্রনিক তথ্য পাওয়ার অনুমতি দিচ্ছি, এবং তথ্য পত্রে বর্ণিত যে কোনো অনুমোদিত উদ্দেশ্যের সাথে সংশ্লিষ্ট কারণে NYU Hospitals Center-এর কর্মচারী, এজেন্ট বা চিকিৎসাকর্মীর সদস্যদের HEALTHIX-এর মাধ্যমে আমার স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত ইলেক্ট্রনিক তথ্য পাওয়ার অনুমতি দিচ্ছি, আমাকে জরুরি পরিচর্যা সহ যে কোনো স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলি প্রদান করা এর অন্তর্ভুক্ত।
- ☐
2. আমি NYULMC HIE ওয়েবসাইটে তালিকাভুক্ত সমস্ত HIE অংশগ্রহণকারী এবং Care Everywhere পরিষেবা প্রদানকারীদের NYULMC HIE বা HEALTHIX-এর মাধ্যমে যে কোনো উদ্দেশ্যে, এমনকি চিকিৎসাগত জরুরি অবস্থাতেও, আমার স্বাস্থ্য সংক্রান্ত ইলেক্ট্রনিক তথ্য পাওয়ার অনুমতি দিতে অস্বীকার করছি।

দ্রষ্টব্য: আপনি যদি না "আমি সম্মতি দিতে অস্বীকার করছি" বক্সে টিক দেন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের আইন সেই সব ব্যক্তিদেরকে NYULMC HIE-এর মাধ্যমে উপলব্ধ রেকর্ডগুলি সহ আপনার চিকিৎসাগত রেকর্ডগুলি দেখার অনুমতি দেয়, যারা একটি জরুরি অবস্থায়

আপনার চিকিৎসা করছেন। আপনি যদি কোনো বিকল্প নির্বাচন না করেন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের আইনের অনুমতি অনুযায়ী কোনো জরুরি অবস্থা ছাড়া রেকর্ডগুলি কারো সঙ্গে আদানপ্রদান করা হবে না।

ছাপার হরফে রোগীর নাম লিখুন

রোগীর জন্ম তারিখ

রোগী বা রোগীর আইনসম্মত প্রতিনিধির স্বাক্ষর

তারিখ

ছাপার হরফে আইনসম্মত প্রতিনিধির নাম লিখুন (যদি প্রযোজ্য হয়)

আইনসম্মত প্রতিনিধির সাথে
রোগীর সম্পর্ক (যদি প্রযোজ্য হয়)

HIV পরীক্ষার প্রস্তাব

নিউ ইয়র্ক স্টেট জনস্বাস্থ্য আইন (Public Health Law) 13 থেকে 64 বছর বয়সের মানুষদের; এবং ঝুঁকিপূর্ণ কার্যকলাপের কোনো প্রমাণ বা ইঙ্গিত থাকলে এর চেয়ে কম বা বেশি বয়সের মানুষদেরও, HIV সম্পর্কিত পরীক্ষার প্রস্তাব দেওয়াকে বাধ্যতামূলক করে দিয়েছে। আইনটি স্বাস্থ্য পরিচর্যার স্থানগুলিতে প্রযোজ্য হয়: একটি সাধারণ হাসপাতালের ইনপেশেন্ট ইউনিট, একটি সাধারণ হাসপাতালের এমার্জেন্সি বিভাগ, একটি হাসপাতালের আউটপেশেন্ট বিভাগের প্রাথমিক পরিচর্যা পরিষেবাগুলি এবং একটি রোগনির্ণায়ক ও চিকিৎসা কেন্দ্র, এবং বেসরকারী চিকিৎসকের অফিস যা প্রাথমিক পরিচর্যা প্রদান করে। বাধ্যতামূলক প্রস্তাবের ব্যতিক্রমগুলি হল: ব্যক্তিটিকে কোনো জীবনহানির আশঙ্কামূলক জরুরি অবস্থার জন্য চিকিৎসা করা হচ্ছে, ব্যক্তিটিকে পূর্বে HIV এর সাথে সম্পর্কিত কোনো পরীক্ষার প্রস্তাব দেওয়া বা সেটা করা হয়েছিল, এবং ব্যক্তিটির যখন সম্মতি প্রদানের সামর্থ্যের অভাব থাকে (এবং সম্মতি প্রদানের জন্য অন্য কোনো উপযুক্ত ব্যক্তি উপলব্ধ থাকেন না)।

সম্মতি দেওয়া বা পরীক্ষা করার আগে, পরীক্ষার আদেশকারী একজন ব্যক্তি নিম্নলিখিতগুলি প্রদান করবেন:

- HIV হল একটি ভাইরাস যা AIDS ঘটায় এবং যৌন ক্রিয়াকলাপ, একই সূচ ভাগাভাগি করে ব্যবহার করা, HIV-সংক্রামিত গর্ভবতী মায়ের থেকে গর্ভাবস্থায় বা প্রসবের সময়ে বা স্তন্যপান করানোর সময়ে তাদের শিশুদের মধ্যে এটি সংক্রামিত হতে পারে।
- HIV/AIDS এর জন্য কিছু চিকিৎসা আছে, যেগুলি একজন মানুষকে সুস্থ থাকতে সাহায্য করতে পারে।
- HIV/AIDS এ আক্রান্ত মানুষরা সংক্রমণহীন মানুষদের HIV-তে আক্রান্ত হওয়ার থেকে এবং সংক্রামিত মানুষদের HIV-এর অতিরিক্ত প্রজাতিতে আক্রান্ত হওয়ার থেকে রক্ষা করার জন্য নিরাপদ অভ্যাস অবলম্বন করতে পারেন।
- পরীক্ষাটি স্বেচ্ছাধীন এবং কোনো সরকারী পরীক্ষা কেন্দ্রে পরিচয় গোপন রেখে করা যায়।
- আইন HIV পরীক্ষার ফলাফল এবং অন্যান্য সংশ্লিষ্ট তথ্যের গোপনীয়তাকে সুরক্ষিত রাখে।
- আইন কোনো মানুষের HIV-এর অবস্থার ভিত্তিতে বৈষম্যকে নিষিদ্ধ ঘোষণা করে এবং এই ধরনের পরিণতির ক্ষেত্রে সাহায্য করার জন্য নানান পরিষেবা উপলব্ধ আছে।
- HIV-র সাথে সম্পর্কিত পরীক্ষার জন্য একজন ব্যক্তির অবহিত সম্মতিকে আইনটি এই ধরনের পরীক্ষার জন্য ততক্ষণ পর্যন্ত বৈধ হিসাবে অনুমতি দেয়, যতক্ষণ না এই সম্মতি প্রত্যাহার করা হচ্ছে কিংবা তার মেয়াদ ফুরিয়ে যাচ্ছে।

পরীক্ষা করা জরুরি কেন? আপনার HIV-এর অবস্থা জানা আপনার স্বাস্থ্যের পক্ষে গুরুত্বপূর্ণ। যদি আপনার পরীক্ষার ফলাফল নেগেটিভ হয়, তাহলে ভবিষ্যতে নিজেকে কীভাবে সংক্রমণের থেকে সুরক্ষিত রাখবেন সেটা আপনি শিখতে পারেন। যদি আপনি পজিটিভ হন, তাহলে আপনি অন্যদের মধ্যে ভাইরাসটিকে সংক্রামিত করা প্রতিরোধ করার জন্য পদক্ষেপ নিতে পারেন, এবং আপনি HIV এর জন্য চিকিৎসা পেতে পারেন এবং সুস্থ থাকার অন্যান্য উপায়গুলি সম্বন্ধে জানতে পারেন।

_____ হ্যাঁ, আমি HIV পরীক্ষার প্রস্তাব স্বীকার করছি।

_____ না, আমি আজ HIV পরীক্ষা করাতে চাই না।

রোগীর নাম: _____ MRN #: _____

স্বাক্ষর: _____ তারিখ: _____

(রোগী অথবা সম্মতি প্রদানের জন্য অনুমতিপ্রাপ্ত ব্যক্তি)



রোগীর সর্বশেষ ঠিকানার ফর্ম
[PATIENT UPDATED ADDRESS FORM]

তারিখ: _____
[DATE]

নাম: _____
[NAME]

জন্মের তারিখ: _____
[DOB]

আমি _____, প্রত্যয়ন করছি যে আমার পূর্বের ঠিকানা ছিল:
[I _____, verify that my previous address was:]

আমি এখন এই ঠিকানায় বসবাস করি:
[I now reside at :]

রোগীর স্বাক্ষর
[Patient's Signature]

ফার্মাসি সংক্রান্ত তথ্য

নতুন ইলেক্ট্রনিক চিকিৎসাগত রেকর্ড ব্যবস্থা Epic ইনস্টল করার সাথে সাথে, এই প্র্যাকটিসে আপনার ডাক্তার এখন ইলেক্ট্রনিকভাবে প্রেসক্রিপশন দিতে (ই-প্রেসক্রাইব) সক্ষম। অর্থাৎ, ডাক্তার আজ আপনাকে যে প্রেসক্রিপশনগুলি দিতে পারেন, সেগুলি আপনার পছন্দের ফার্মাসির কাছে স্বয়ংক্রিয়ভাবে পৌঁছে যাবে এবং এরপর থেকে আমাদের আর আপনাকে কোনো হাতে লেখা প্রেসক্রিপশন দিতে হবে না। তাছাড়া, আপনার ওষুধপত্রের সরবরাহ ফুরিয়ে গেলে, ফার্মাসিস্ট এখন ইলেক্ট্রনিক পদ্ধতিতেই নবীকরণের অনুরোধগুলি এই অফিসের কাছে অনুমোদনের জন্য পাঠাতে পারবে। **দ্রষ্টব্য: নিয়ন্ত্রিত ওষুধগুলি ইলেক্ট্রনিক প্রেসক্রিপশনের জন্য (ই-প্রেসক্রাইব) যোগ্য নয়।

আপনি যদি ই-প্রেসক্রাইবিং এ আগ্রহী হন, তাহলে অনুগ্রহ করে নিচের তথ্য সম্পূর্ণ করুন।

রোগীর নাম: _____

পছন্দের ফার্মাসি:	
ফার্মাসির নাম:	_____
ঠিকানা:	_____
শহর:	_____
স্টেট:	_____
জিপ কোড:	_____
ফোন নম্বর:	_____
ফ্যাক্স নম্বর:	_____

বিকল্প ফার্মাসি:	
ফার্মাসির নাম:	_____
ঠিকানা:	_____
শহর:	_____
স্টেট:	_____
জিপ কোড:	_____
ফোন নম্বর:	_____
ফ্যাক্স নম্বর:	_____

ল্যাবরেটরির তথ্য

আপনার পছন্দের ল্যাবরেটরিকে চিহ্নিত করার জন্য অনুগ্রহ করে নিচের যে কোনো একটি বিকল্পের পাশে একটি টিকচিহ্ন দিয়ে নির্দেশ করুন। কিছু বিমার প্রকল্প আওতাভুক্ত রোগীদের সুনির্দিষ্ট ল্যাবরেটরির পরিষেবা ব্যবহার করতে বাধ্য করে; সেগুলির নির্দেশাবলী মেনে চলতে বিফল হলে তার ফলস্বরূপ বিলগুলি পরিশোধ করার জন্য রোগী দায়িত্বশীল হতে পারেন। কোন ল্যাবরেটরি নির্বাচন করতে হবে সেটা যদি আপনার জানা না থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার বিমাকারী কোম্পানির সঙ্গে যোগাযোগ করুন। **আপনি যদি কোনো ল্যাবরেটরি নির্বাচন না করেন, তাহলে প্র্যাকটিসটি স্বয়ংক্রিয় নির্বাচন হিসাবে NYU ল্যাবরেটরিকে ল্যাবের যে কোনো পরীক্ষার দায়িত্ব দেবে।**

LabCorp (ল্যাবকর্প)	
Quest Labs (কোয়েস্ট ল্যাব্‌স)	
NYU ল্যাব	
বহিঃস্থ অন্য কোনো স্থান	

অনুগ্রহ করে বহিঃস্থ স্থানের নাম জানান: _____



NYU Faculty Group Practice

অংশগ্রহণ করে না এমন প্ল্যান/কসমেটিক/নিজে অর্থ দিতে হয় এমন/

আওতাভুক্ত নয় এমন পরিষেবা

অর্থপ্রদান-পূর্ব আর্থিক স্বীকৃতি ফর্ম

[Non-Participating Plans/Cosmetic/Self-Pay/Non-Covered Services Pre-Payment Financial Acknowledgment Form]

তারিখ [Date]:	রোগীর নাম [Patient Name]:
রোগীর MR # [Patient MR #]:	চিকিৎসক [Physician]:
পরিষেবার প্রত্যাশিত তারিখ: [Expected Date of Service]	খরচের আনুমানিক হিসাব [Estimated Cost]:
জমা রাশি [Deposit Amount]:	বীমার প্ল্যান [Insurance Plan]:

আর্থিক চুক্তি [FINANCIAL AGREEMENT]

NYU Faculty Group Practice আমাকে জানিয়েছে যে আমার চিকিৎসক আমার বীমার প্লানে অংশ নেন না, এবং এই কারণে পরিষেবাগুলির খরচের জন্য আমি সম্পূর্ণরূপে দায়ী থাকব এবং আশা করা হয় যে আমি অনুমান করা ফী অগ্রিম পরিশোধ করব। আমি উপরের পরিষেবাগুলি নেওয়ার সিদ্ধান্ত নিচ্ছি এবং আমাকে আমার চিকিৎসকের পরিষেবার জন্য মোট খরচের একটি আনুমানিক হিসাব দেওয়া হয়েছে। আমি এটা জানি যে উপরে উদ্ধৃত করা রাশি একটি আনুমানিক হিসাব এবং এর সাথে প্রকৃত চার্জের পার্থক্য হতে পারে। আমি এটাও বুঝি যে সংশ্লিষ্ট পরিষেবাগুলির (রেডিওলজি, অ্যানেস্থেসিয়া, প্যাথোলজি ইত্যাদি) জন্য অতিরিক্ত খরচ হতে পারে, যা এই আনুমানিক হিসাবের অন্তর্ভুক্ত নয়। আমার তরফে আমার বীমার বাহককে একটি সৌজন্যমূলক দাবি পাঠানো হবে। * যে কোনও অবশিষ্ট রাশির জন্য আমাকে বিল দেওয়া হবে এবং তার জন্য আমি দায়ী থাকব।

[I have been advised by the NYU Faculty Group Practice that my physician does not participate with my insurance plan and therefore, I will be fully responsible for the cost of services and am expected to pay the estimated fee in advance. I am choosing to have the above services rendered and have been provided with an estimate of the total cost for my physician's services. I am aware that the amount quoted above is an estimate and that actual charges may vary. I also understand that there may be additional costs for ancillary services (radiology, anesthesia, pathology, etc.) that are not included in this estimate. A courtesy claim will be sent to my insurance carrier on my behalf.* I will be billed for and responsible for any remaining balances.]



আমি বুঝি যে NYU এর থেকে স্টেটমেন্ট পাওয়ার সাথে সাথেই সব অবশিষ্ট রাশি বকেয়া হয়।

[I understand that all balances are due upon receipt of statement from NYU.]

আমি উপরের তথ্য পড়েছি এবং আমি আমার আর্থিক বাধ্যবাধকতাগুলি বুঝি।

[I have read the above information and I understand my financial obligations.]

স্বাক্ষর

[Signature]

তারিখ

[Date]

*যদি আমার বীমার বাহক পরিষেবার জন্য আমাকে অর্থ পাঠায়, তাহলে আমি অবিলম্বে এই অর্থ NYU Faculty Group Practice-কে পরিশোধ করব।

[*If my insurance carrier sends payment to me for the service I will immediately remit the payment to the NYU Faculty Group Practice.]